

WE ARE
MACMILLAN.
CANCER SUPPORT

'আমার কাশি তিন
সপ্তাহের বেশি সময়
ধরে ভালো হচ্ছিল না,
তাই আমি আমার জিপি'র
কাছে গিয়েছিলাম।'

Harry



ফুসফুসের ক্যান্সারের লক্ষণসমূহ

ফুসফুসের ক্যান্সার সাধারণত পুরুষ ও মহিলা উভয়ের মধ্যেই দেখা যায়। ফুসফুসের ক্যান্সারের মূল কারণ হলো ধূমপান, কিন্তু অধূমপায়ীদেরও এই রোগ হয়ে থাকে। ফুসফুসের ক্যান্সারে আক্রান্ত প্রতি 10 জন ব্যক্তির মধ্যে প্রায় 9 জনেরই বয়স 60 এর বেশি।

কোন পরিবর্তনগুলোর দিকে খেয়াল রাখতে হবে এবং কখন আপনার ডাক্তারকে দেখাতে হবে তা জানাটা সত্যিকারের পরিবর্তন আনতে পারে। আপনার লক্ষণ দেখা দিলে ভয় পাবেন না - সেগুলো পরীক্ষা করিয়ে নিন।

আপনার এই সব লক্ষণগুলোর মধ্যে কোনোটি থাকলে আপনার ডাক্তারকে দেখান:

- কাশি তিন সপ্তাহ বা তার বেশি সময় স্থায়ী হলে।
- আপনার দীর্ঘদিন ধরে থাকা কাশিতে পরিবর্তন ঘটলে।
- বুকের সংক্রমণ ভালো না হলে, বা বার বার বুকে সংক্রমণ ঘটলে।
- কোনো কারণ ছাড়াই দম ফুরিয়ে যাওয়ার অনুভূতি হলে।
- কাশির সাথে রক্ত বেরিয়ে আসলে।
- গলা ভেঙে গেলে, যা তিন সপ্তাহ বা তার বেশি সময় স্থায়ী হয়।
- আপনার বুকের বা কাঁধের ব্যথা ভালো না হলে।
- কিছু সময়ের জন্য স্বাভাবিকের চেয়ে বেশি ক্লান্ত বোধ করলে।

এই সব লক্ষণধারী বেশিরভাগ ব্যক্তির ফুসফুসের ক্যান্সার নেই - অন্যান্য কারণে এগুলো দেখা দিতে পারে। কিন্তু যদি আপনার লক্ষণগুলো থাকে, সেগুলো উপেক্ষা করবেন না - আপনার ডাক্তারকে দেখান। যদি আপনার ক্যান্সার থাকে, তাহলে এটা যত দ্রুত ধরা পড়বে তত ভালো।

আপনার লক্ষণগুলো পরীক্ষা করানোর মাধ্যমে আপনি আপনার ডাক্তারের সময় নষ্ট করছেন না।

ফুসফুসের ক্যান্সার যত দ্রুত ধরা পড়বে, সাফল্যের সাথে চিকিৎসা করানোর সম্ভাবনা তত বেড়ে যাবে।

যদি আপনার সহায়তার প্রয়োজন হয় অথবা শুধু কথা বলার জন্য কাউকে চান, তাহলে ম্যাকমিলান-এর সাথে বিনামূল্যে **0808 808 00 00** নম্বরে কথা বলুন অথবা দেখুন **macmillan.org.uk**

© ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট, জুলাই 2014. 2^{য়} সংস্করণ MAC13693_LUNG_BENGALI. পরবর্তী পর্যালোচনার জন্য পরিকল্পিত সময়সূচি: 2017. ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট, ইংল্যান্ড ও ওয়েলস (261017), স্কটল্যান্ড, (SC039907) এবং আয়েল অব ম্যান (604)-এ নিবন্ধিত দাতব্য প্রতিষ্ঠান। টেকসই সামগ্রী ব্যবহার করে মুদ্রিত। অনুলিপি করে রিসাইকেল করুন।

